



মাদ্রাসার ১৪ গাছ কেটে নিল অধ্যক্ষ

স্টাফ রিপোর্টার, নীলফামারী || সৈয়দপুর উপজেলার সোনাখুলী মুন্সীপাড়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ আ.ব.ম মনছুর আলী বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানের ১৪টি মূল্যবান গাছ কেটে বিক্রির অভিযোগ উঠেছে। মাদ্রাসা পরিচালনা কমিটির কোন সিদ্ধান্ত ছাড়াই এককভাবে ওই অধ্যক্ষ গাছ কেটে বিক্রি করে।

সোমবার ওই শিক্ষা প্রতিষ্ঠানের দাতা সদস্য আমিনুল ইসলাম চৌধুরী ওই গাছ অধ্যক্ষ কর্তৃক চুরির অভিযোগ তুলে সৈয়দপুর থানায় লিখিত দিয়েছেন। সেই সঙ্গে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও স্থানীয় বনবিভাগকে লিখিত অভিযোগটি প্রদান করা হয়। অভিযোগ মতে গত শুক্রবার শিক্ষা প্রতিষ্ঠান সাপ্তাহিক ছুটি ছিল। ওইদিন সকাল হতে ২০ শ্রমিক লাগিয়ে ৯টি আম গাছ ও ৫টি মেহগনীসহ ১৪টি গাছ কেটে নিয়ে যায় অধ্যক্ষ। গাছ কাটার সময় দাতা সদস্যসহ অন্যান্য অভিভাবক বাধা দিতে গেলে অধ্যক্ষ তাদের প্রাণনাশের হুমকি দেয়।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com